

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২. ৪০৮

তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ জুন ২০২২ খ্রিস্টাব্দ

মেজর

ডিএএএন্ডকিউএমজি

মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬।

ফোন-০১৭৬৯-০২৪০২২।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

সূত্রঃ (১) আবেদন নথি নং- ৮৪ (রূপনগর), এসই (পিএন্ডডি)-২৮১, তাং-২৫/০২/২০২০ খ্রিঃ

(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৪১৫, তাং-০১/০৬/২০২০ খ্রিঃ

(৩) এমআইএসটি'র স্মারক-২৩.১২.০৯০২.০০৯.৩৮.০১.০০.১৮.০১.২১, তাং-২৫/০১/২০২১ খ্রিঃ

(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২৬৬, তাং-২৪/০২/২০২১ খ্রিঃ

(৫) এমআইএসটি'র স্মারক-২৩.১২.০৯০২.০০৯.৩৮.০১.০০.১৮.০৩.২১, তাং-১৮/০৩/২০২১ খ্রিঃ

(৬) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৭৩২, তাং-৩১/০৮/২০২১ খ্রিঃ

(৭) ২৪/০২/২২ তারিখের পে-অর্ডার নং-১২৫৭৯৩৪ (বাংলাদেশ ব্যাংক), টাকা = ২৭,৭০,৯০০/-

(৮) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.১৯১, তারিখ-১০/০৩/২০২২ খ্রিঃ

(৯) ২১/০৬/২২ তারিখের পে-অর্ডার নং-১৪২৫৩৮৪ (বাংলাদেশ ব্যাংক), টাকা = ৭,০০,০০০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ মিরপুর সেনানিবাসের এমআইএসটি'তে অবস্থিত নবনির্মিত ৩টি ১৪ তলা ভবনের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লাস্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (রূপনগর) বুঝাবার আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকোর সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। সাফল্যজনকভাবে নির্মিত অবকাঠামোর As built Drawing & Design আবেদনকারী কর্তৃক ডেসকোর নিকট হস্তান্তরের পরে Mirpur DOHS-2 33/11 kV উপকেন্দ্র হতে একটি ১১ কেভি ব্রেকার বরাদ্দের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে।
- ১০। ভবিষ্যতে ভূ-গর্ভস্থ লাইনের যে কোন ধরনের রক্ষণাবেক্ষণের কাজটি MIST এর নিজস্ব লোকবলের মাধ্যমে নিজস্ব ব্যবস্থাপনায় করতে হবে।
- ১১। উক্ত ছাড়পত্র জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রূপনগর সার্কেল, ডেসকো।

৩। নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (রূপনগর)।

৪। অফিস কপি।